Australian Government
Department of Home Affairs

অস্ট্রেলিয়ায় প্রবেশ করা

অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে নীচের ধাপগুলো অনুসরণ করুন।

ধাপ 1 - আপনি আপনার ভ্রমণ বুক করার আগে

আপনার ভিসার শর্তাবলী পরীক্ষা করুন

ভিসা ছাড়া অস্ট্রেলিয়া ভ্রমণের চেষ্টা করবেন না। আপনি ভিসা অপশন অন্বেষণ করার জন্য আমাদের ভিসা ফাইন্ডার ব্যবহার করতে পারেন।

ধাপ 2 - আপনার টিকার শর্তাবলী পরীক্ষা করুন

অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য আপনাকে কী করতে হবে তা আপনার টিকা গ্রহণের স্ট্যাটাস নির্ধারণ করবে।

আপনি আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে অস্ট্রেলিয়ার টিকা দেওয়ার শর্তাবলী পূরণ করেন কিনা তা দেখতে পরীক্ষা করুন।

ভিসা রয়েছে অস্ট্রেলিয়ায় আসা এমন ব্যক্তিদের ভিসা বাতিল করা হতে পারে এবং আটক করে অপসারণ করা হতে পারে যদি তারা:

- **অস্ট্রেলিয়ার সীমান্তে প্রবেশের শর্তাবলী অনুযায়ী আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত না হয়; বা**
- **অস্ট্রেলিয়ান সরকার কর্তৃক সংজ্ঞায়িত কোনো COVID-19 ভ্যাকসিনের বিপরীতে কোনো প্রতিলক্ষণ (Contraindication) না থাকে; বা**
- **কোনো *অব্যাহতিপ্রাপ্ত শ্রেণির* মধ্যে না পড়ে বা কোনো ব্যক্তিগত ভ্রমণ অব্যাহতি থাকে।**

আপনি এই শর্তাবলী পূরণ না করলে আপনাকে অবশ্যই টিকা গ্রহণ না করা ভ্রমণকারীদের জন্য নির্ধারিত ধাপগুলো অনুসরণ করতে হবে।

ধাপ 3 - আপনার টিকা গ্রহণের সনদপত্র নিন

আপনি যদি অস্ট্রেলিয়ায় টিকা গ্রহণ করে থাকেন, তবে একটি আন্তর্জাতিক COVID-19 টিকা গ্রহণের সনদপত্র (ICVC) নিয়ে নিন।

আপনি যদি বিদেশে টিকা দিয়ে থাকেন এবং আপনার ICVC না থাকে, তাহলে আপনাকে অবশ্যই অস্ট্রেলিয়ার শর্তাবলী পূরণ করে এমন কোনো বিদেশী টিকা দেওয়ার সনদপত্র নিতে হবে।

আরও তথ্যের জন্য টিকা গ্রহণ ও পরীক্ষা করার শর্তাবলী দেখুন।

ধাপ 4 - স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী পরীক্ষা করুন

আপনি আপনার ফ্লাইট বুক করার পূর্বে স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী পরীক্ষা করুন। এর মধ্যে বর্ডার এন্ট্রি রেজিস্ট্রেশন ফর্ম বা কোয়ারেন্টিন অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনি ট্রানজিট ও ভ্রমণ করবেন এমন সকল স্টেট ও টেরিটরি পরীক্ষা করুন। শর্তাবলী স্বল্প সময়ের নোটিশে পরিবর্তিত হতে পারে।

আপনার উপর প্রযোজ্য ভ্রমণ নিষেধাজ্ঞা এবং প্রয়োজনীয়তা মেনে চলা আপনার দায়িত্ব। পালন না করলে আপনাকে কারাদণ্ড এবং উল্লেখযোগ্য জরিমানাসহ গুরুতর শাস্তি হতে প্রদান করা হতে পারে, দেখুন: আগমনের ব্যাপারে স্টেট ও টেরিটরির শর্তাবলী।

ধাপ 5 - আপনার ভ্রমণের পরিকল্পনা করুন

আগাম পরিকল্পনা করুন

আপনার ভ্রমণ বিলম্বিত এবং বাধাগ্রস্থ হলে আপনি কী করবেন তা বিবেচনা করুন।

ধাপ 6 - আপনার ভ্রমণের বুকিং করুন

ধাপ 7 - ভ্রমণের জন্য প্রস্তুতি গ্রহণ করুন

আপনার ডিজিটাল যাত্রী ঘোষণা সম্পন্ন করুন

আপনি আপনার ফ্লাইটের সাত দিন আগে আপনার ডিজিটাল যাত্রী ঘোষণা (DPD) শুরু করতে পারেন এবং অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে যাত্রার 72 ঘণ্টার মধ্যে জমা দিতে পারেন।

DPD সংকটপূর্ণ স্বাস্থ্য বিষয়ক তথ্য চায়। এই তথ্য প্রদান একটি বাধ্যতামূলক শর্ত। এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে আপনি বিমানবন্দরে বা অস্ট্রেলিয়ায় পৌঁছালে অপ্রয়োজনীয় বিলম্বের মুখোমুখি হচ্ছেন না। আরও তথ্যের জন্য দেখুন: DPD

ধাপ 8 - প্রস্থানের পূর্বে একটি COVID-19-এর পরীক্ষা করুন

এয়ারলাইন কর্মীদের কাছে আপনাকে সাম্প্রতিক একটি নেগেটিভ COVID-19 পরীক্ষার প্রমাণ দেখাতে হবে।

আপনার কোন পরীক্ষা প্রয়োজন এবং কখন পরীক্ষা দিতে হবে সে সম্পর্কে আরও তথ্যের জন্য, টিকা গ্রহণ ও পরীক্ষা করা দেখুন।

ধাপ 9 - বিমানবন্দরের জন্য আপনার ডকুমেন্ট প্রস্তুত করুন

আপনার ফ্লাইটের জন্য চেক-ইন করলে এয়ারলাইন কর্মীরা আপনাকে যা যা দেখাতে বলবে:

- পাসপোর্ট
- ভিসা
- আপনি অস্ট্রেলিয়ার আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে টিকা দেওয়ার শর্তাবলী পূরণ করেন তার প্রমাণ
- COVID-19 পরীক্ষার নেগেটিভ ফলাফল
- সম্পূর্ণ করা DPD।

ধাপ 10 - অস্ট্রেলিয়ায় প্রবেশের শর্তাবলী পূরণ করুন

এর মধ্যে রয়েছে অভিবাসন, কাস্টমস এবং বায়োসিকিউরিটি অনুমতিপত্র।

আরও তথ্যের জন্য সীমান্ত অতিক্রম করা দেখুন।

ধাপ 11 - স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী পূরণ করুন

অস্ট্রেলিয়ায় পৌঁছানোর পরে অধিকাংশ স্টেট ও টেরিটরিতে আপনাকে একটি COVID-19 পরীক্ষা করতে হবে।

আপনাকে এটি এবং আপনি যে সকল স্টেট ও টেরিটরিতে ট্রানজিট ও ভ্রমণ করবেন তার অন্য যেকোনো শর্তাবলী পরীক্ষা করতে হবে।

অস্ট্রেলিয়ায় ট্রানজিট নেওয়া

72 ঘণ্টা বা কম সময়ের জন্য ট্রানজিট

আপনি যদি অস্ট্রেলিয়ায় ট্রানজিট করে থাকেন তাহলে আপনাকে **অবশ্যই** কোনো ফ্লাইটের একটি আগাম টিকিটের ব্যবস্থা করে রাখতে হবে যেটি আপনার প্রথম প্রবেশের 72 ঘণ্টা পরে অস্ট্রেলিয়া ছেড়ে যাবে। যদি কোনো উপযুক্ত কানেক্টিং ফ্লাইট না পাওয়া যায় তবে অস্ট্রেলিয়ার মাধ্যমে ট্রানজিট সম্ভব হবে **না**।

ভিসার জন্য যা যা প্রয়োজন

অস্ট্রেলিয়ায় ট্রানজিট করতে হলে আপনার অবশ্যই একটি বৈধ ভিসা থাকতে হবে অথবা আপনাকে ভিসা ছাড়া ট্রানজিট (TWOV) সুবিধা পাওয়া কোনো দেশ থেকে আসতে হবে।

আপনার যদি বৈধ ভিসা না থাকে বা TWOV-এর জন্য যোগ্য না হন, তবে অস্ট্রেলিয়ায় প্রবেশ করার জন্য আপনাকে অবশ্যই একটি ভিসার জন্য আবেদন করতে হবে। সর্বোচ্চ 72 ঘণ্টার জন্য অস্ট্রেলিয়ায় ট্রানজিট করতে ট্রানজিট ভিসা (সাব-ক্লাস 771)-এর জন্য আবেদন করুন।

COVID-19 পরীক্ষা করা

অস্ট্রেলিয়ায় ট্রানজিট করার জন্য আপনার একটি নেগেটিভ ফলাফলের COVID-19 পরীক্ষা লাগবে। আরও তথ্যের জন্য টিকা গ্রহণ ও পরীক্ষা করা দেখুন।

ডিজিটাল যাত্রী ঘোষণা

আপনি আপনার ফ্লাইটের সাত দিন আগে আপনার ডিজিটাল যাত্রী ঘোষণা (DPD) শুরু করতে পারেন এবং অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে যাত্রার 72 ঘণ্টার মধ্যে জমা দিতে পারেন।

DPD সংকটপূর্ণ স্বাস্থ্য বিষয়ক তথ্য চায়। এই তথ্য প্রদান একটি বাধ্যতামূলক শর্ত। এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে আপনি বিমানবন্দরে বা অস্ট্রেলিয়ায় পৌঁছালে অপ্রয়োজনীয় বিলম্বের মুখোমুখি হচ্ছেন না। আরও তথ্যের জন্য দেখুন: DPD

স্টেট ও টেরিটরির শর্তাবলী

আপনি যে স্টেট বা টেরিটরিতে আগমন করেন আপনাকে অবশ্যই সেখানকার ট্রানজিটের নিয়মকানুন মেনে চলতে হবে। আপনি আপনার পরবর্তী ফ্লাইটের জন্য অপেক্ষা করাকালীন, আপনাকে হোটেলে থাকতে হবে এবং আপনাকে আপনার অবস্থানের ব্যয়ভার বহন করতে বলা হবে। আরও তথ্যের জন্য স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী দেখুন।

72 ঘণ্টার বেশি

আপনাকে যদি কানেক্টিং ফ্লাইটের জন্য 72 ঘণ্টার বেশি সময় অস্ট্রেলিয়ায় অপেক্ষা করতে হয়, তবে আপনাকে অস্ট্রেলিয়ায় ট্রানজিট করছেন বলে **বিবেচনা করা হবে না**।

আপনাকে তাহলে অবশ্যই অস্ট্রেলিয়ায় প্রবেশের অন্যান্য সকল শর্তাবলী পূরণ করতে হবে, যার মধ্যে রয়েছে COVID-19 টিকা গ্রহণ ও পরীক্ষা করার শর্তাবলী, ভিসা, অভিবাসন, কাস্টমস বায়োসিকিউরিটি অনুমতিপত্র এবং বাধ্যতামূলক স্বাস্থ্য ঘোষণা। আরও তথ্যের জন্য সীমান্ত অতিক্রম করা দেখুন।

আপনাকে স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলীও পূরণ করতে হবে।